গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা
www.ddm.gov.bd

স্মারক নং : ৫১.০১.৪৬৬৭.০০০.৪৫.০০৭.২৫-৪৫৬ তারিখ : ১৭/০৪/২০২৬ খ্রিষ্টাব্দ

## -: দক্ষ শ্রমিক ও শ্রমিক সর্দার নিয়োগ বিজ্ঞপ্তি:-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার ০৮-০৪-২০২৬ খ্রি. তারিখে ৫১.০১.০০০০.০১৩.৯৬.০১৩.২৬.৩৬ নং স্মারক মূলে "হালদা খাল (সালদা অংশ)" এর খাল খনন ও পুন:খননের লক্ষ্যে মানিকছড়ি উপজেলাধীন ২নং বাটনাতলী ও ৩নং যোগ্যাছোলা ইউনিয়ন পরিষদের স্থানীয় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তানুযায়ী আগ্রহীদের সংযুক্ত **দক্ষ উপকারভোগীদের নির্বাচনের জন্য আবেদন ফরম** পূরণপূর্বক আগামী ২১-০৪-২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ইউনিয়ন পরিষদে অথবা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর মানিকছড়িতে জমা দিতে হবে।

| ক্রম | কাজের নাম | মোট উপকারভোগীর দক্ষ শ্রমিক সংখ্যা | কাজের পরিমাণ | দৈনিক মজুরীর (টাকার পরিমাণ) | দৈনিক কাজের দিন ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | হালদা খাল (সালদা অংশ) এর খাল খনন ও পুন:খনন। | শ্রমিক সর্দার-০১ জন দক্ষ শ্রমিক- ২০জন | শ্রমিক পরিচালনার দায়িত্বের পাশাপাশি দৈনিক জনপ্রতি ৩০ ঘনফুট মাটি কাটা। | দৈনিক মজুরী জনপ্রতি=৭০০/টাকা হারে এবং সর্দার জন্য অতিরিক্ত ৫০/- টাকা। | এপ্রিল ২০২৬ হতে জুন ২০২৬ (৪০ কর্মদিবস) এবং জনপ্রতি দৈনিক ০৭ ঘন্টা। | কাজের সময়সীমা কম-বেশি হতে পারে। |

**অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) সকল অতিদরিদ্র পরিবারের জন্য উন্মুক্ত। দক্ষ উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী বিবেচিত হবে:**

ক) যোগ্যাছোলা ও বাটনাতলী ইউনিয়নের হালদা পাড়ের কাছাকাছি এলাকার পুরুষ অথবা মহিলা অথবা তৃতীয় লিঙ্গ যার বয়স ১৮ থেকে ৬০ বছরের মধ্যে তিনি তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন তবে তিনি-

⇨ একজন কর্মক্ষম, ভূমিহীন (ঘর বসতবাড়ী ব্যতীত ০.১০ একর এর নিচে জমি), স্বল্প আয়ের লোক (যার গড় মাসিক আয় ৪ হাজার টাকার নিচে এবং গড় বার্ষিক আয় ৪৮ হাজার টাকার নিচে) হবেন, যার মৎস্য চাষের জন্য কোন পুকুর নেই এবং যার উল্লেখযোগ্য কোন প্রাণিসম্পদ নেই।

(খ) একজন দক্ষ শ্রমিক হবেন। লিঙ্গ নির্বিশেষে একটি পরিবার থেকে একজনের বেশি এ কাজের জন্য আবেদন করতে পারেন না;

(গ) ইতোপূর্বে অদক্ষ শ্রমিক হিসেবে আবদেনকারীগণ পুনরায় এ পদের জন্য আবেদন করতে পারেন;

(ঘ) সরকারের অন্য কোন সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির (VWB/রেশন ইত্যাদি) অধীনে সুবিধা প্রাপ্ত উপকারভোগীগণকে এ কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হবে না;

(ঙ) রোদ-বৃষ্টি বা কিছুটা বৈরী আবহাওয়ার মধ্যেও কাজ করার মানসিকতা থাকতে হবে। খালে পানি কম-বেশি, পাড় খুব উঁচু-নিচু, মাটি বালি-কাদা ইত্যাদি ওজর আপত্তি করা যাবে না;

(চ) সরকার কর্তৃক নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ করতে হবে। কাজের সর্দার, তদারকি কর্মকর্তা ও কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক যাবতীয় কাজ সম্পাদন করতে হবে;

(ছ) সপ্তাহে একবার ব্যাংক হিসাবের মাধ্যমে মজুরী পরিশোধ করা হবে এবং দৈনিক হাজিরা গ্রহণ সাপেক্ষে এ মজুরী প্রদান করা হবে। বিলম্বে উপস্থিতি বা সঠিক কাজ প্রদর্শনে ব্যর্থ হলে ঐদিনের হাজিরা কর্তন করা হবে;

(জ) কাজের জন্য কোন প্রকার যন্ত্রপাতি যেমন- কোদাল, ঝুড়ি নিজে সংগ্রহ করতে হবে। প্রকল্পস্থলে আসা-যাওয়ার কোন ভাড়া দেয়া হবে না, কাজ চলাকালীন সময়ে সরকার কর্তৃক আরোপিত যে কোন সিদ্ধান্ত মেনে চলতে হবে;

(ঝ) যাচাইয়ের লক্ষ্যে কাজ করতে আগ্রহী বাটনাতলী ও যোগ্যাছোলা ইউনিয়নের আবেদনকারীগণ আগামী ২১/০৪/২০২৬ খ্রি. বেলা: ৪.০০ ঘটিকায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিসে সশরীরে উপস্থিত থাকতে হবে;

(ঞ) উল্লেখিত যোগ্যতাসম্পন্ন যে কোন পুরুষ/মহিলা/তৃতীয় লিঙ্গের ব্যক্তি শ্রমিক হিসেবে তালিকাভুক্তির জন্য ২১/০৪/২০২৬ তারিখের মধ্যে অনলাইন হতে ফরম সংগ্রহ বা সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার/ ইউনিয়ন পরিষদ অফিস/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মানিকছড়ি'র দপ্তর হতে অফিস চলাকালীন সময়ে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ এবং সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ উক্ত আবেদন জমা করতে পারবেন।

(তাহমিনা আফরোজ ভূইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
মোবাইল- ০১৫৫০-৬০৪৫২৪
E-mail : unomanikchhari@mopa.gov.bd

CamScanner

NID কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)

পাসপোর্ট সাইজের ছবি ০২ কপি সংযুক্ত করুন

### দক্ষ উপকারভোগীদের নির্বাচনের জন্য আবেদন ফরম

প্রতি
ওয়ার্ড সদস্য
ওয়ার্ডনং ........................................
ইউনিয়ন পরিষদ ..............................
তারিখ ..........................................

প্রতি
কর্মসূচি বাস্তবায়ন কর্মকর্তা
উপজেলা: মানিকছড়ি
জেলা : খাগড়াছড়ি
আবেদন কোড ....................
(ওয়ার্ড সদস্য দ্বারা পূরণ হবে)

বিষয়: অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় দক্ষ শ্রমিক হিসেবে নির্বাচনের জন্য আবেদন।

জনাব/জনাবা
আমি ....................................................................... পিতা/স্বামী ....................................................................
ইজিপিপির আওতায় দক্ষ শ্রমিক হিসেবে নির্বাচিত হওয়ার জন্য আবেদনপত্র দাখিল করলাম। আমি সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তা ও আবেদনের শর্তাবলী মেনে দক্ষ শ্রমিক হিসেবে কাজ করতে সম্মত আছি। আমার বিবরণ নিম্নে প্রদান করা হলো।

| ক্র: নং | আবেদনকারীর বিস্তারিত (আবশ্যক) | | আবেদনকারীর বিস্তারিত (যথার্থ) | |
|---|---|---|---|---|
| ১. | আবেদনকারীর বয়স (বছর) | | | |
| ২. | লিঙ্গ (√) | | পুরুষ☐ / মহিলা☐/ তৃতীয় লিঙ্গ☐ | |
| ৩. | পূর্ণাঙ্গ ঠিকানা (গ্রাম, ওয়ার্ড নং, ইউনিয়ন ক্রমান্বয়ে উল্লেখ্য করুন) | | | |
| ৪. | ফোন/সেল নম্বর (যদি থাকে) | | | |
| ৫. | আবেদনকারীর ভোটার আইডি কার্ড নম্বর | | | |
| ৬. | জব কার্ড নম্বর (যদি ইজিপিপি নিবন্ধিত) | | | |
| ৭. | শিক্ষাগত যোগ্যতা | | | |
| ৮. | আবেদনকারীর পেশা (যেখানে টিক দিন) | | দিন মজুর ☐ | রিক্সা/ ভ্যান চালক☐ |
| | | | মৎস্যজীবী ☐ | ক্ষুদ্র ব্যবসায়ী☐ |
| | | | অন্যান্য (উল্লেখ করুন) | |
| ৯. | বিস্তারিত ব্যাংক হিসাব (যদি থাকে) | ব্যাংকের নাম ও শাখা: | | |
| | | হিসাব নম্বর: | | |
| ১০. | জমি/অন্যান্য সম্পদের মালিকানা (বসতভিটা ছাড়া) | | | |
| ১১. | আবেদনকারীর পরিবারের সদস্য সংখ্যা | | | |
| ১২. | পরিবারের উপার্জনক্ষম সদস্য সংখ্যা | | | |
| ১৩. | আবেদনকারীর মাসিক আয় | | | |
| ১৪. | আবেদনকারী বা তার পরিবারের কোন সদস্য ভিজিডি/VWB/রেশন কর্মসূচির আওতায় উপকারভোগী? | | | হ্যাঁ / না |
| ১৫. | সাম্প্রতিক দুর্যোগের দ্বারা আবেদনকারী গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত কিনা? | | হ্যাঁ / না | |
| ১৬. | আবেদনকারী বিগত এক বছরে বর্ণিত কর্মসূচির আওতায় সুবিধা ভোগ করেছেন কি? | ভিজিএফ | জিআর ক্যাশ | সিআই শীট |
| | | শীতবস্ত্র | জিআর ফুড | হাউস গ্রান্ট |
| ১৭. | আবেদনকারী সরকারের পৃষ্ঠপোষকতায় কোন নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় সহায়তা পেয়েছেন কি? | | | হ্যাঁ / না |

তাহমিনা আফরোজ ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি।

(আবেদনকারীর স্বাক্ষর / টিপসই)

........................................................ ..................................এখানে কর্তন করুন..........................................................................

**(সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য পূরণ করবে)**

ইজিপিপির আওতায় কাজের জন্য জনাব/জনাবা ..............................পিতা/স্বামী ..................................আবাসিক ওয়ার্ড নং .................. ইউনিয়ন পরিষদ.........................উপজেলা: মানিকছড়ি, জেলা: খাগড়াছড়ি কর্তৃক আবেদনপত্রটি পাওয়া গেছে। এই আবেদনপত্রের কোড নং.........

ইউনিয়ন, যাচাইয়ের লক্ষ্যে কাজ করতে আগ্রহী বাটনাতলী ও যোগ্যাছোলা ইউনিয়নের আবেদনকারীগণ আগামী ২১/০৪/২০২৬ খ্রি. বেলা: ৪.০০ ঘটিকায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিসে সশরীরে উপস্থিত থাকতে হবে।

উপজেলা কমিটি কর্তৃক আবেদনপত্র অনুমোদিত হলে আপনার তালিকাভুক্তির অবস্থা সম্পর্কে জানানো হবে।

(ওয়ার্ড সদস্যের স্বাক্ষর/টিপসই)

CamScanner